

## কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রডো সামিটের উদ্যোগের প্রশংসা করলেন



**ফটো ক্যাপশন:** কানাডার মাননীয় প্রধানমন্ত্রী জাস্টিন ট্রডো বাংলাদেশে পরিবেশবান্ধব জ্বালানি নিয়ে আসার প্রচেষ্টার জন্য সামিটের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খানের প্রশংসা করেন।

(সিংগাপুর) নভেম্বর ১৪, ২০১৮: গতকাল সিংগাপুরের কানাডার হাইকমিশনার ন্যাঙ্গি লিন ম্যাকডোনাল্ডের বাসভবনে আয়োজিত অভ্যর্থনা অনুষ্ঠানে কানাডার মাননীয় প্রধানমন্ত্রী জাস্টিন ট্রডো সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খানকে পরিবেশবান্ধব জ্বালানির অন্যতম উৎস এলএনজি, যা বিদ্যুৎ উৎপাদন খাতকে ডি-কার্বোনাইজ করবে, বাংলাদেশে নিয়ে আসার প্রচেষ্টার জন্য প্রশংসা করেন। ট্রডো এসময় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাংলাদেশ, উন্নয়নশীল দেশসমূহ এবং নারীদের জন্য অসামান্য নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেন।

কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রডো ৩৩তম এসোসিয়েশন অফ সাউথইস্ট এশিয়ান ন্যাশনস (আশিয়ান) সামিটে যোগ দিতে সিংগাপুরে এসেছিলেন। অনুষ্ঠানে অন্যান্য অতিথিবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন কানাডার ইন্টারন্যাশনাল ট্রেড ডাইভারসিফিকেশন মন্ত্রী জিম কার।

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসানা ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল: ০১৭১৩ ০৮১৯০৫।

<https://summitpowerinternational.com/press-release>